# সুনান আত তিরমিজী (ইসলামিক ফাউন্ডেশন)

হাদিস নাম্বারঃ ১০৪৩

১০/ কাফন-দাফন (كتاب الجنائز عن رسول الله ﷺ)

পরিচ্ছেদঃ জানাযার জন্য উঠে দাঁড়ান।

## باب مَا جَاءَ فِي الْقِيَامِ لِلْجَنَازَةِ

আরবী

حَدَّثَنَا نَصْرُ بْنُ عَلِيٍّ الْجَهْضَمِيُّ، وَالْحَسَنُ بْنُ عَلِيٍّ الْخَلاَّلُ الْحُلْوَانِيُّ، قَالاَ حَدَّثَنَا وَهْبُ بْنُ جَرِيرٍ، حَدَّثَنَا هِشَامٌ الدَّسْتَوَائِيُّ، عَنْ يَحْيَى بْنِ أَبِي كَثِيرٍ، عَنْ أَبِي سَلَمَةَ، عَنْ أَبِي سَعِيدٍ الْخُدْرِيِّ، أَنَّ رَسُولَ اللَّهِ صلى الله عليه وسلم قَالَ " إِذَا رَأَيْتُمُ الْجَنَازَةَ فَقُومُوا لَهَا فَمَنْ تَبِعَهَا فَلاَ يَقْعُدَنَّ حَتَّى تُوضَعَ " . قَالَ أَبُو عِيسَى حَدِيثُ أَبِي سَعِيدٍ فِي هَذَا الْبَابِ حَدِيثٌ حَسَنٌ صَحِيحٌ . وَهُوَ قَوْلُ أَحْمَدَ وَإِسْحَاقَ قَالاَ مَنْ تَبِعَ جَنَازَةً فَلاَ يَقْعُدَنَّ حَتَّى تُوضَعَ عَنْ أَعْنَاقِ الرِّجَالِ . وَقَدْ رُوِيَ عَنْ بَعْضِ أَهْلِ الْعِلْمِ مِنْ أَصْحَابِ النَّبِيِّ صلى الله عليه وسلم وَغَيْرِهِمْ أَنَّهُمْ كَانُوا يَتَقَدَّمُونَ الْجَنَازَةَ فَيَقْعُدُونَ قَبْلَ أَنْ تَنْتَهِيَ إِلَيْهِمُ الْجَنَازَةُ . وَهُوَ قَوْلُ الشَّافِعِيِّ .

বাংলা

১০৪৩. নাসর ইবনু আলী আল-জাহযামী ও হাসান ইবনু আলী আ-হুলওয়ানী (রহঃ) ...... আবূ সাঈদ আল-খুদরী রাদিয়াল্লাহু আনহু থেকে বর্ণিত যে, তিনি বলেন, রাসূলুল্লাহ্ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম বলেছেন তোমরা জানাযা দেখলে দাঁড়িয়ে যাবে। যে ব্যক্তি এর অনুসরণ করবে জানাযা মাটিতে না রাখা পর্যন্ত সে বসবে না। - বুখারি, মুসলিম, তিরমিজী হাদিস নম্বরঃ ১০৪৩ [আল মাদানী প্রকাশনী]

ইমাম আবূ ঈসা (রহঃ) বলেন, এই বিষয়ে আবূ সাঈদ রাদিয়াল্লাহু আনহু বর্ণিত হাদীসটি হাসান-সাহীহ। এ হলো ইমাম আহমাদ ও ইসহাক (রহঃ) এর অভিমত। তাঁরা বলেন, যে ব্যক্তি জানাযার অনুসরণ করবে তা মানুষের কাঁধ থেকে না নামানো পর্যন্ত সে যেন না বসে। কোন কোন সাহাবী ও অপরাপর আলিম থেকে বর্ণিত আছে যে, তারা জানাযার আগে আগে যেতেন এবং জানাযা না পৌছা পর্যন্ত বসে থাকতেন। এ হলো ইমাম শাফিঈ (রহঃ)-এর অভিমত।

## English

Abu Sa'eed Al-Khudri narrated that:
The Messenger of Allah said: "Whenever you see a funeral (procession), stand up (for it). Whoever follows it, then do not sit down until it is put down."

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ ইসলামিক ফাউন্ডেশন  বর্ণনাকারীঃ আবূ সা’ঈদ খুদরী (রাঃ)

Link — https://www.hadithbd.com/hadith/link/?id=18232

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন